WE ARE YOUR DOL

NEW YORK STATE OF OPPORTUNITY. | Department of Labor

বেকারত্ব বীমার সুযোগ সুবিধা হালনাগাদ করা প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নসমূহ

নির্দেশিকা পরিবর্তন করা হতে পারে, 31 মার্চ 2020-তে বর্তমান

27 মার্চ 2020-তে মার্কিন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট একটি আইন স্বাক্ষর করেন যা অতিরিক্ত বেকারত্ব বীমা প্রদান করে। ("UI") সহায়তা সেই সকল শ্রমিকদের যারা COVID-19 দ্বারা প্রভাবিত। এই নতুন আইন এগুলি প্রদান করে:

- **মহামারি বেকারত্ব সহায়তা (Pandemic Unemployment Assistance, PUA)**– যারা ঐতিহ্যগতভাবে UI সুবিধার জন্য অযোগ্য হয়েছে (যেমন, স্বনির্ভর কর্মী, স্বাধীন ঠিকাদার) তাদের জন্য বর্ধিত যোগ্যতা;
- **মহামারি বেকারত্ব ক্ষতিপূরণ (Pandemic Unemployment Compensation)** – প্রতি সপ্তাহে অতিরিক্ত 600 মার্কিন ডলার, নিয়মিত সুবিধার উপরে, সব UI প্রাপকের জন্য; এবং
- **মহামারি জরুরী বেকারত্ব ক্ষতিপূরণ (Pandemic Emergency Unemployment Compensation)**– একটি অতিরিক্ত 13 সপ্তাহের UI সুবিধা, ইতিমধ্যে প্রদত্ত নিয়মিত 26 সপ্তাহ ছাড়াও, মোট 39 সপ্তাহের কভারেজের জন্য।

মহামারি বেকারত্ব সহায়তা ("PUA") - UI সুবিধার জন্য বর্ধিত যোগ্যতা

প্রশ্ন: কে PUA পাওয়ার উপযুক্ত?

উত্তর: নিয়মিত UI সুবিধার (স্বনির্ভর কর্মী এবং স্বাধীন ঠিকাদার সহ) যোগ্যতা বিবেচিত না হলে এবং নিম্নলিখিত কারণগুলির জন্য কাজ করতে না পারলে ব্যক্তিগণ PUA-র জন্য যোগ্য হন:

- COVID-19 আছে বলে নির্নিত হয়েছে বা COVID-19 এর উপসর্গ আছে এবং নির্ণয় করাতে চাইছেন।
- পরিবারের একজন সদস্য আছেন যার COVID-19 আছে বলে নির্ণয় করা হয়েছে;
- একটি পরিবার বা পরিবারের সদস্য যিনি COVID-19 দ্বারা আক্রান্ত তার জন্য পরিচর্যা প্রদান;
- একটি শিশুর জন্য প্রাথমিক সেবাদাতা যার স্কুল বা পরিচর্যা সুবিধা বন্ধ, COVID-19 এর কারণে;
- একটি আরোপিত কোয়ারান্টাইনের কারণে তাদের কর্মসংস্থানের স্থানে পৌঁছাতে অক্ষম, অথবা কারণ চিকিৎসা প্রদানকারী দ্বারা স্ব-আরোপিত কোয়ারান্টাইনের পরামর্শ দেওয়া হয়েছে, COVID-19 কারণে;
- নতুন কাজ শুরু করার কথা ছিল এবং COVID-19 এর সরাসরি ফলাফল হিসাবে কর্মস্থলে পৌঁছাতে পারে না;
- প্রধান উপার্জনক্ষম ব্যক্তি হওয়া কারণ পরিবারের প্রধান COVID-19 এর ফলে মারা যান;
- COVID-19 এর সরাসরি ফলাফল হিসাবে তাদের কাজ পরিত্যাগ করেছেন;
- COVID-19 এর সরাসরি ফলস্বরূপ তাদের কর্মসংস্থানের স্থান বন্ধ করে দেওয়া হয়েছে; বা
- মার্কিন শ্রম সচিবের নির্দিষ্ট কোনও বাড়তি মানদণ্ড পূরণ করা।

যদি ব্যক্তিগণ টেলিকাজ করতে পারেন বা সবেতন অসুস্থতার ছুটি বা অন্যান্য সবেতন ছুটির সুবিধা (উপরে তালিকাভুক্ত একটি ক্যাটাগরি নির্বিশেষে) প্রাপ্ত হন, তাহলে সেই ব্যক্তি PUA এর জন্য যোগ্য নন।

প্রশ্ন: আমি কীভাবে PUA এর জন্য আবেদন করব?

উত্তর: অনলাইনে PUA আবেদন দাখিল করতে পারেন **labor.ny.gov**এ। দয়া করে লক্ষ্য করুন, আপনি PUA এর জন্য আবেদন করতে পারবেন না যতক্ষণ না আপনি UI সুবিধা পাওয়ার জন্য অযোগ্য হয়েছেন। PUA এর জন্য আবেদন করার আগে অবশ্যই UI-এর জন্য আবেদন করতে হবে।

প্রশ্ন: আমি PUAথেকে সর্বোচ্চ কত সুবিধা পেতে পারি?

উত্তর: আপনার সুবিধাবলীর হার আপনার সাম্প্রতিক মজুরির উপর ভিত্তি করে তৈরি করা। নিউ ইয়র্কে বর্তমান সর্বোচ্চ সাপ্তাহিক সুবিধাবলীর হার 504 মার্কিন ডলার। ন্যূনতম PUA সুবিধাবলীর হার নিউ ইয়র্কে গড় সাপ্তাহিক সুবিধার পরিমাণের 50%। 27 জানুয়ারী 2020 - 31 মার্চ 2020-এর জন্য ন্যূনতম সুবিধাবলীর হার 172 মার্কিন ডলার। 01 এপ্রিল 2020 - 30 জুন 2020 এর জন্য ন্যূনতম সুবিধাবলীর হার 182 মার্কিন ডলার।

প্রশ্ন: আমিও কি প্রতি সপ্তাহে অতিরিক্ত 600 মার্কিন ডলার পাবো বেকারত্বের ক্ষতিপূরণ বাবদ?

উত্তর: হ্যাঁ। PUA সুবিধাবলীর অন্তর্ভুক্ত প্রতি সপ্তাহে অতিরিক্ত 600 মার্কিন ডলার, 31 জুলাই 2020 পর্যন্ত ।

প্রশ্ন: আমি বেকার হয়ে যাওয়ার পর কি আমাকে এক সপ্তাহ অপেক্ষা করতে হবে PUA সুবিধা পাওয়ার আগে?

উত্তর: না, PUA এর জন্য কোন সপ্তাহকালীন অপেক্ষার সময় নেই।

প্রশ্ন: PUA থেকে প্রাপ্ত সুবিধাবলী কতদিন পর্যন্ত পাওয়া যাবে?

উত্তর: PUA সুবিধাবলী 39 সপ্তাহ পর্যন্ত বেকারত্বের সময়কাল কভার করতে পারে।

প্রশ্ন: PUA এর সুবিধাবলীগুলি কি পূর্বের কোন তারিখ থেকে কার্যকর হবে?

উত্তর: হ্যাঁ, PUA সুবিধাবলী বেকারত্ব সময়সীমার জন্য পূর্বের নির্দিষ্ট তারিখ থেকে প্রদান করা যেতে পারে, 27 জানুয়ারী 2020 বা তারপর থেকে শুরু করে।

প্রশ্ন: আমি দূরবর্তীভাবে কাজ করতে পারি। আমি কি PUA এর জন্য যোগ্য?

উত্তর: না। আপনাকে যদি দূরবর্তীভাবে কাজ করার জন্য বেতন প্রদান করা হয়, তাহলে আপনি PUA এর সুবিধাবলী পাওয়ার যোগ্য নন।

মহামারি বেকারত্ব ক্ষতিপূরণ - অতিরিক্ত 600 মার্কিন ডলার/সপ্তাহ UI সুবিধাবলী

প্রশ্ন: আমি ইতিমধ্যেই UI পাচ্ছি। প্রতি সপ্তাহে এই অতিরিক্ত 600 মার্কিন ডলার পেতে আমাকে কী করতে হবে?

উত্তর: কিছু না। প্রতি সপ্তাহে অতিরিক্ত 600 মার্কিন ডলার স্বয়ংক্রিয়ভাবে সব নিয়মিত UI ও PUA সুবিধাবলীর সাথে যুক্ত হবে।

প্রশ্ন: প্রতি সপ্তাহে এই অতিরিক্ত 600 মার্কিন ডলার কি আমার নিয়মিত UI সুবিধা কমাবে?

উত্তর: না। প্রতি সপ্তাহে অতিরিক্ত 600 মার্কিন ডলার সুবিধা কোন UI বা PUA সুবিধা কমাবে না।

প্রশ্ন: আমি কতদিন এই অতিরিক্ত UI সুবিধা পাব?

উত্তর: প্রতি সপ্তাহে অতিরিক্ত 600 মার্কিন ডলার সুবিধা 31 জুলাই 2020 শেষ হবে।

প্রশ্ন: প্রতি সপ্তাহে এই অতিরিক্ত 600 মার্কিন ডলার কি অন্যান্য সরকারী প্রোগ্রামের জন্য আমার যোগ্যতার উদ্দেশ্যে পরিগণিত হবে?

উত্তর: অতিরিক্ত 600 মার্কিন ডলার প্রতি সপ্তাহে পেমেন্ট আপনার আয়ের যোগ্যতার দিকে গণ্য হবে না মেডিকেইডের (Medicaid) জন্য আর শিশুদের স্বাস্থ্য বীমা কার্যক্রম (Children's Health Insurance Program, CHIP)।

মহামারি জরুরী বেকারত্ব ক্ষতিপূরণ - 13 অতিরিক্ত সপ্তাহ UI এর যোগ্যতা

প্রশ্ন: আমি ইতিমধ্যেই UI পাচ্ছি। এই প্রোগ্রামটি আমাকে কিভাবে সহায়তা করবে?

উত্তর: আপনি যদি আপনার 26 সপ্তাহ নিয়মিত UI শেষ করে ফেলেন, আপনি অতিরিক্ত 13 সপ্তাহের অতিরিক্ত সুবিধাবলী পাবেন।

প্রশ্ন: কয়েক সপ্তাহ আগে আমি আমার 26 সপ্তাহের সুবিধাবলী নিঃশেষ করে ফেলেছি। আমি কি এখনও ঐ 13 সপ্তাহের বর্ধিত UI সুবিধার জন্য যোগ্য?

উত্তর: হ্যাঁ। যে কেউ 01 জুলাই 2019 এর পর UI সুবিধা নিঃশেষ করেছেন, তিনি 13টি অতিরিক্ত সপ্তাহ সুবিধা পাওয়ার জন্য যোগ্য।

প্রশ্ন: এই 13 সপ্তাহের UI-এর যোগ্যতা থাকার সময়ও কি আমি প্রতি সপ্তাহে অতিরিক্ত 600 মার্কিন ডলার পাবো?

উত্তর: হ্যাঁ। অতিরিক্ত 13 সপ্তাহের সুবিধার মধ্যে থাকবে প্রতি সপ্তাহে অতিরিক্ত 600 মার্কিন ডলার 31 জুলাই 2020 পর্যন্ত।

বেকারত্ব বীমা সম্পর্কে সাধারণ তথ্য

প্রশ্ন: বেকারত্ব বিমা কী?

উত্তর: বেকারত্ব বীমা (UI নামে পরিচিত) কাজ হারানো কর্মীদের সাময়িক নগদ সুবিধা প্রদান করে। যদি আপনি গত 18 মাসের মধ্যে নিউ ইয়র্ক রাজ্যে কাজ করে থাকেন এবং আপনার কাজ চলে গিয়ে থাকে, আপনার নিজের কোনও দোষের জন্য নয়, তাহলে আপনি UI এর জন্য যোগ্য হতে পারেন।

প্রশ্ন: বেকারত্ব বিমার মাধ্যমে আমি কি সর্বোচ্চ কত সুবিধা পেতে পারি?

উত্তর: একজন ব্যক্তির সুবিধাবলীর হারতাদের নিয়োগকারীর(দের) কাছ থেকে পাওয়া সাম্প্রতিক মজুরির উপর ভিত্তি করে। বর্তমান সর্বোচ্চ সাপ্তাহিক সুবিধাবোলির হার হল 504 মার্কিন ডলার।

প্রশ্ন: বেকারত্ব বিমার সুবিধা কতদিন স্থায়ী হয়?

উত্তর: বর্তমানে এই সীমা হল প্রতি বছর 26 সপ্তাহ। কেন্দ্রীয় সরকার সম্প্রতি মহামারি জরুরী বেকারত্বের ক্ষতিপূরণ (Pandemic Emergency Unemployment Compensation) নামে একটি নতুন প্রোগ্রাম তৈরি করেছে যা যে সকল দাবীদার তাদের নিয়মিত UI সুবিধা শেষ করে ফেলবে, তাদের জন্য 13টি অতিরিক্ত সপ্তাহ পর্যন্ত সুবিধা পেতে দেবে।

প্রশ্ন: আমি কিভাবে বেকারত্ব বীমার জন্য আবেদন করব?

উত্তর: আপনি ।একটি দাবি দাখিল করতে পারেন **labor.ny.gov**এ গিয়ে। টেলিফোনে দাবি কেন্দ্রকেও কল করতে পারেন এই নম্বরে **888-209-8124**। স্বাভাবিকের চেয়ে বেশি কল ভলিউম হওয়ার কারণে, যদি সম্ভব হয়, তাহলে প্রথমে ওয়েবসাইটে গিয়ে একটি দাবী দায়ের করার জন্য আমরা ইচ্ছুক ব্যক্তিদের দৃঢ়ভাবে উত্সাহিত করছি।

প্রশ্ন: আমি কখন আমার দাবী দায়ের করব?

উত্তর: আপনি যে সপ্তাহে প্রথম চার দিনের কম কাজ করেন এবং 504 মার্কিন ডলারের কম মোট আয় করেন, সেই সপ্তাহে আপনার দাবি দাখিল করা উচিত। আপনি যদি চার বা তার বেশি দিন কাজ করেন বা 504 মার্কিন ডলারের বেশি আয় করেন, আপনার তার পরের সপ্তাহে দাখিল করা উচিত।

প্রশ্ন: আমি বার বার UI কল সেন্টারে আটকে যাচ্ছি। আমার দাবি কি প্রক্রিয়াকরণ করা হবে?

উত্তর: আপনার প্রাপ্য সব সুবিধা আপনি পাবেন। আপনি যেদিন আপনার নিয়োগকর্তার কাছ থেকে আলাদা হয়েছেন, সেদিন থেকে আপনার দাবী শুরু হবে। অভূতপূর্ব কল ভলিউম ও ওয়েব ট্রাফিক রয়েছে। দয়া করে ধৈর্য ধরে চেষ্টা চালিয়ে যান। অনলাইনে আবেদন করাই শ্রেয়।

প্রশ্ন: আমি আমার নিয়োগকর্তার কাছ থেকে আলাদা হয়ে যাওয়ার সপ্তাহে আমার দাবী দাখিল করতে অক্ষম ছিলাম DOL ওয়েবসাইট এবং/অথবা UI কল সেন্টারের জন্য। আমি কি এখনও কি সেই সপ্তাহের সুবিধাগুলি পাবো?

উত্তর: হ্যাঁ, আপনার যে সকল সুবিধাগুলি প্রাপ্য, আপনি সেগুলি সবই পাবেন। আপনি যেদিন আপনার নিয়োগকর্তার কাছ থেকে আলাদা হয়েছিলেন, সেদিন থেকে আপনার দাবী শুরু হবে এবং DOL এর ওয়েবসাইট বা UI কল সেন্টারের কোন সমস্যার কারণে সময়মত প্রক্রিয়াকরণ করা না হলে, DOL দাবীগুলি পূর্বের তারিখ থেকে কার্যকর কয়া হবে।।

প্রশ্ন: অপেক্ষার সপ্তাহ কী এবং সেটি মাফ করা হয়েছে অর্থ কী?

উত্তর: সাধারণত, একটি দাবির প্রথম পূর্ণ সপ্তাহ একটি অনাদায়ী প্রতীক্ষার সপ্তাহ হয়। এর অর্থ আপনাকে অর্থ প্রদান করা হয় না কিন্তু আপনাকে তাও সাপ্তাহিক সুবিধা দাবী করতে হবে এবং যোগ্যতার প্রয়োজনীয়তা পূরণ করতে হবে। 12 মার্চ 2020 থেকে শুরু করে, গভর্নর COVID-19 জনস্বাস্থ্য সংকট দ্বারা প্রভাবিত ব্যক্তিদের জন্য এক সপ্তাহের অপেক্ষার সময়কাল স্থগিত করেছেন। এর মানে হল যে আপনি যদি সুবিধা পাওয়ার যোগ্য হন, তাহলে আপনার দাবির প্রথম সপ্তাহ থেকে আপনাকে অর্থ ক্রেডিট করা হবে (দ্বিতীয় সপ্তাহ নয়)। এর অর্থ এই নয় যে, আপনার দাবি করলেই আপনাকে টাকা দেওয়া হবে।

প্রশ্ন: আমাকে যদি বেকারত্ব বিমার জন্য যোগ্য মনে করা হয়, তাহলে আমি কবে প্রথম কিস্তি পাওয়ার আশা করতে পারি?

উত্তর: আপনি যদি UI-এর যোগ্য হন, তাহলে আপনার প্রথম পেমেন্ট আপনার দাবী দায়ের করার সময় থেকে সাধারণত দুই থেকে তিন সপ্তাহের মধ্যে করা হবে। কিছু ক্ষেত্রে, পেমেন্ট করার আগে অতিরিক্ত তথ্য নেওয়ার প্রয়োজন হতে পারে এবং আপনার প্রথম পেমেন্ট পেতে সেই ক্ষেত্রে আরো বেশি সময় লাগতে পারে। আমরা এই সময়ে আপনার সুবিধার জন্য আবেদন প্রক্রিয়া করতে এবং পর্যালোচনা করতে ব্যবহার করতে পারি। আপনি এই সময়ে সুবিধা পাবেন না। যতদিন আপনি বেকার থাকবেন এবং যোগ্যতার প্রয়োজনীয়তা পূরণ করবেন, সাপ্তাহিক সুবিধা দাবি করতে থাকুন। এছাড়াও, আপনার মেইল চেক

করুন এবং কোন প্রশ্নাবলীর বা DOL এর ফোন কলের উত্তর দিন অবিলম্বে যাতে আপনার পেমেন্ট বিলম্বিত না হয়। যদি আপনি যোগ্য বিবেচিত হন, আপনি আপনার প্রথম পেমেন্ট সঙ্গে পাওনা যে কোন আগের সপ্তাহের পেমেন্টও পাবেন। আপনি সরাসরি আমানত বা ব্যাঙ্ক ডেবিট কার্ডের মাধ্যমে আপনার সুবিধাগুলি পাবেন।

প্রশ্ন: আমার নিয়োগকর্তা COVID-19 এর কারণে আমার কাজের ঘন্টা কমিয়ে দিয়েছেন। আমি কি বেকারত্ব বিমার পাওয়ার যোগ্য?

উত্তর: সেটি নির্ভর করে। যদি আপনি সপ্তাহে চার দিনের কম কাজ করেন এবং 504 মার্কিন ডলার/সপ্তাহ বা তার কম আয় করেন, তাহলে আপনি আংশিক UI সুবিধা পাওয়ার যোগ্য হতে পারেন।

প্রশ্ন: আমি আংশিক সময় কাজ করি। আমি কি UI এর যোগ্য?

উত্তর: আপনি যদি সপ্তাহে চার দিনের কম কাজ করেন এবং 504 মার্কিন ডলার বা তার কম উপার্জন করেন, তাহলে আপনি আংশিক সুবিধা পেতে পারেন। কাজের প্রত্যেক দিন, বা দিনের অংশ, আপনার সাপ্তাহিক সুবিধাবলীর হার এক-চতুর্থাংশ কমিয়ে দেয়।

প্রশ্ন: আমার নিয়োগকর্তা সাময়িকভাবে বন্ধ করে দিয়েছেন। আমি কি বেকারত্ব বিমার পাওয়ার যোগ্য?

উত্তর: আপনি যদি আপনার চাকরী থেকে ছাঁটাই হয়ে গিয়ে থাকেন তাহলে আপনার দাবী দায়ের করা উচিত। আমাদের লক্ষ্য হল সমস্ত মানুষ যারা আবেদন করেন এবং আইনত যারা পাওয়ার যোগ্য, তাদের জন্য সুবিধা পাওয়া নিশ্চিত করা।

প্রশ্ন: আমি স্ব-নিয়োজিত বা স্বাধীন ঠিকাদার। আমি কি বেকারত্ব বিমার পাওয়ার যোগ্য?

উত্তর: বর্তমানে, নিউ ইয়র্ক রাজ্যে কর্মরত অধিকাংশ স্বনির্ভর ব্যক্তি এবং স্বাধীন ঠিকাদারদের বেকারত্ব বিমার সুবিধাবলী লাভ করার অনুমতি নেই। তবে স্বনির্ভর ব্যক্তি ও স্বাধীন ঠিকাদারেরা PUA এর অধীনে সুবিধাবলী লাভ করার যোগ্য হতে পারেন। PUA এমন ব্যক্তিদের জন্য উপলভ্য যারা স্বাভাবিকভাবে বেকারত্ব সুবিধাবলীর জন্য যোগ্য নয় কিন্তু COVID-19 এর কারণে কাজ করতে পারছেন না। PUA, 27 এ জানুয়ারি, 2020 এবং 31এ ডিসেম্বর, 2020-এর মাঝের সময়ের বেকারত্বের জন্য উপলভ্য। সর্বোচ্চ সুবিধাবলীর হার 504 মার্কিন ডলার, যা নিয়মিত বেকারত্ব বিমার সুবিধাবলীর সর্বোচ্চ সুবিধাবলীর হারের স্বরূপ। প্রতিটি রাজ্যের গড় সাপ্তাহিক সুবিধাবলীর পরিমাণের 50% হিসাবে, মার্কিন যুক্তরাষ্ট্রের শ্রম বিভাগ (United States Department of Labor, USDOL) দ্বারা ত্রৈমাসিকভাবে, PUA এর ন্যূনতম হার গণনা করা হয়। 1 জানুয়ারি, 2020- 31 মার্চ, 2020-এর জন্য ন্যূনতম সুবিধাবলীর হার 172 মার্কিন ডলার। 1 এপ্রিল, 2020- 30 জুন, 2020-এর জন্য সর্বনিম্ন সুবিধাবলীর হার 182 মার্কিন ডলার।

প্রশ্ন: আমি একজন ছোট ব্যবসার মালিক, যাকে COVID-19 এর কারণে ব্যবসা বন্ধ করতে হয়েছে। আমি কি UI এর যোগ্য?

উত্তর: COVID-19 দ্বারা প্রভাবিত স্বনির্ভর ব্যক্তিরা PUA সুবিধাবলীর জন্য আবেদন করতে পারেন।

প্রশ্ন: আমি কাজ করতে পারছি না কারণ আমার সন্তানের স্কুল বা ডে-কেয়ার ফ্যাসিলিটি COVID-19 এর কারণে বন্ধ হয়েছে, এবং আমার সন্তানের পরিচর্যার জন্য আমার বাড়িতে থাকা প্রয়োজনীয়। আমি কি বেকারত্ব বিমার পাওয়ার যোগ্য?

উত্তর: যেখানে আপনি বেকারত্ব বিমা সুবিধাবলী লাভ করার জন্য কেবলমাত্র তখনই যোগ্য হবেন যখন আপনি কাজ করতে সক্ষম এবং উপলব্ধ, সেখানে PUA এর অধীনে আপনি সুবিধাবলী লাভ করতে পারেন যদি আপনি একটি শিশুর প্রাথমিক পরিচর্যাকারী হন, যার স্কুল বা কেয়ার ফ্যাসিলিটি COVID-19 কারণে বন্ধ হয়েছে। PUA, 27 এ জানুয়ারি, 2020 এবং 31এ ডিসেম্বর, 2020-এর মাঝের সময়ের বেকারত্বের জন্য উপলভ্য। ন্যূনতম PUA সুবিধাবলীর হার নিউ ইয়র্কে গড় সাপ্তাহিক সুবিধার পরিমাণের 50%। 1 জানুয়ারি, 2020- 31 মার্চ, 2020-এর জন্য ন্যূনতম সুবিধাবলীর হার 172 মার্কিন ডলার। 1 এপ্রিল, 2020 - 30 জুন, 2020-

এর জন্য ন্যূনতম সুবিধাবলীর হার হল 182 মার্কিন ডলার সর্বোচ্চ সুবিধাবলীর হার 504 মার্কিন ডলার, যা নিয়মিত বেকারত্ব বিমার সুবিধাবলীর সর্বোচ্চ সুবিধাবলীর হারের স্বরূপ।

প্রশ্ন: একজন পেশাদার স্বাস্থ্যকর্মী আমাকে বলেছেন যে আমার কোয়ারান্টাইন থাকা প্রয়োজন, তাই আমি যদি কাজ করতে যেতে না পারি তাহলে আমি কি বেকারত্ব বিমা সুবিধাবলী লাভ করার যোগ্য?

উত্তর: সম্ভবত না, যদি আপনি এখনও কর্মরত হন। তবে, গভর্নর সম্প্রতি একটি আইন জারি করেছেন যা COVID-19-এর কারণে এক সরকারী সত্তা কর্তৃক পৃথকীকরণ বা কোয়ারান্টাইনের আদেশের অধীন ব্যক্তির জন্য চাকরির সুরক্ষা এবং সবেতন ছুটি প্রদান করে।

আপনি এখানে আরও তথ্য সম্পর্কে জানতে পারেন: **ny.gov/COVIDpaidsickleave**. এছাড়াও যে শ্রমিকরা অসুস্থ বা যাদের কোয়ারান্টাইনে থাকতে বলা হয়েছে তাদের জন্য অতিরিক্ত সুরক্ষা রয়েছে। আরও তথ্যের জন্য, অনুগ্রহ করে এখানে নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য দপ্তর (New York State Department of Health) এর COVID-19 ওয়েবসাইট দেখুন:**ny.gov/coronavirus**।

প্রশ্ন: কেন্দ্রীয় সরকার সম্প্রতি কিছু আইন জারি করেছে যা অতিরিক্ত বেকারত্ব বিমার সুবিধাবলী প্রদান করে। সেই পরিবর্তনগুলি নিউ ইয়র্কবাসীদের কিভাবে প্রভাবিত করে?

উত্তর: কেন্দ্রীয় সরকার সম্প্রতি বেকারত্ব বিমা ক্ষতিপূরণ এবং COVID-19 সম্পর্কিত তিনটি নতুন কার্যক্রম তৈরি করেছে: মহামারী বেকারত্ব সহায়তা ("PUA"); মহামারী বেকারত্ব ক্ষতিপূরণ (Pandemic Unemployment Compensation) (অতিরিক্ত 600 মার্কিন ডলার/সপ্তাহের সুবিধাবলী); এবং মহামারী জরুরী বেকারত্ব ক্ষতিপূরণ (Pandemic Emergency Unemployment Compensation) (যেই দাবীদারদের সুবিধাবলী ফুরিয়ে এসেছে তাদের জন্য অতিরিক্ত 13 সপ্তাহের সুবিধাবলী)। এখানে এই কার্যক্রমগুলি সম্পর্কে অতিরিক্ত তথ্য পাওয়া যাবে: **labor.ny.gov**।

প্রশ্ন: আমি একজন বয়স্ক কর্মী এবং/অথবা আমি রোগ প্রতিরোধক্ষমতা ক্ষতিগ্রস্ত। আমি অনেক মানুষের সংস্পর্শে কাজ করি এবং আমার স্বাস্থ্যের প্রতি উদ্বেগের কারণে কাজ করতে গিয়ে ব্যক্তিগতভাবে অস্বস্তি বোধ করছি। আমি কি বেকারত্ব বিমার পাওয়ার যোগ্য?

উত্তর: সাধারণভাবে বলা যায়, আপনি স্বেচ্ছায় আপনার চাকরি ছেড়ে দিলে আপনি বেকারত্ব বিমার লাভ করার যোগ্য নন। চাকরি ত্যাগ করার পূর্বে,অনুগ্রহ করে আপনার নিয়োগকর্তার সাথে অন্যান্য উপলভ্য বিকল্পগুলি আলোচনা করা বিবেচনা করে দেখুন যেমন অসুস্থতার ছুটি বা বার্ষিক ছুটি ব্যবহার করা, একটি যুক্তিসঙ্গত বিকল্পের অনুরোধ করা যেমন দূরবর্তী কাজ করা, আপনার নিয়োগকর্তার কাছে ছুটির অনুরোধ, অথবা অস্থায়ী অক্ষমতার সুবিধাবলী চাওয়া। যদি বিকল্প না পাওয়া যায়, আপনি বেকারত্ব বিমার জন্য একটি দাবি দাখিল করতে পারেন। আপনার কিছু চিকিৎসামূলক নথি অর্জন করার বিবেচনা করা উচিত যেটি কোন কাজের বিধিনিষেধ সনাক্ত করে এবং আপনার দাবির সঙ্গে সেটা জমা করুন। আপনি যদি বেকারত্ব বিমার সুবিধাবলী লাভ করতে অযোগ্য হন, তাহলে আপনি PUA এর অধীনে সুবিধাবলী লাভ করার যোগ্য হতে পারেন।

প্রশ্ন: ইতিমধ্যে শুরু একটি দাবি সম্পূর্ণ করার জন্য আমাকে একজন বিশেষজ্ঞকে কল করার পরামর্শ দেওয়া হয়েছিল, কিন্তু আমি তার সাথে যোগাযোগ করতে পারছি না। আমার কী করা উচিত?

উত্তর: আপনাকে **1-888-209-8124**নম্বরে টেলিফোন দাবি কেন্দ্রের সাথে যোগাযোগ চালিয়ে যেতে হবে: এটি আপনার দাবি সম্পূর্ণ করার একমাত্র উপায় (আপনি অনলাইনে আপনার দাবির এই অংশটি সম্পূর্ণ করতে পারবেন না)।

প্রশ্ন: আমি একটি দাবি দায়ের করতে আমার NY.GOV ID অ্যাকাউন্টে লগ ইন করতে পারছি না। আমার কী করা উচিত?

উত্তর: **800-833-3000** নম্বরে কল করুন। ভাষা নির্বাচন করুন, তারপর 2 টিপুন।

প্রশ্ন: আমার পিন রিসেট করতে হবে। আমার কী করা উচিত?

উত্তর: আপনাকে **1-888-209-8124** নম্বরে টেলিফোন দাবি কেন্দ্রে কল করে একজন এজেন্টের সঙ্গে কথা বলতে হবে। এটি আপনার পিন রিসেট করার একমাত্র উপায়।

প্রশ্ন: আমি চিন্তিত যে আমি যদি বেকারত্ব বিমা (UI) এর জন্য আবেদন করি তাহলে আমার নিয়োগকর্তা আমার বিরুদ্ধে প্রতিশোধ নিতে পারে অথবা মহামারী শেষ হওয়ার পর আমাকে কাজে ফিরতে বারন করতে পারে। আমার অধিকারগুলি কী কী?

উত্তর: রাজ্যের আইন সকল শ্রমিককে বেকারত্বের জন্য ফাইল করার অধিকার প্রদান করে এবং শ্রম আইন অনুযায়ী একজন নিয়োগকর্তা একটি সুরক্ষিত কার্যকলাপে শ্রমিকের জড়িত থাকার প্রতিশোধ নিতে পারে না।